# নভেম্বরে তুরস্ক সফরে যাবেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নভেম্বরে তুরস্কে অনুষ্ঠিতব্য জাতিসংঘের বিশ্ব জলবায়ু সম্মেলন কপ-৩১-এ বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

অনুষ্ঠিত ২৩তম ওআইসি কাউন্সিল অব ফরেন মিনিস্টার্সের বৈঠকের ফাঁকে তুরস্কের উপপররাষ্ট্রমন্ত্রী মুসা কুলাকলিকায়ার সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। সেখানে প্রধানমন্ত্রীর আসন্ন তুরস্ক সফরের বিষয়টি জানানো হয়।

আলোচনায় দুই দেশের পারস্পরিক সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক বিভিন্ন বিষয় স্থান পায়। অভিন্ন স্বার্থের বিষয়গুলোতে ভবিষ্যতে আরও সমন্বিতভাবে কাজ করার বিষয়ে দুই দেশের প্রতিনিধিরা আগ্রহ প্রকাশ করেন।

বাংলাদেশ ও তুরস্কের বিদ্যমান সহযোগিতা নিয়ে সন্তোষ প্রকাশ করে উভয় পক্ষ। একই সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো, কূটনৈতিক যোগাযোগ জোরদারসহ বিভিন্ন ক্ষেত্রে সম্পর্ক আরও বিস্তৃত করার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়।

দুই দেশের সম্পর্ককে আরও এগিয়ে নেওয়ার বিষয়েও বৈঠকে গুরুত্ব দেওয়া হয়।

এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির তুরস্কের উপপররাষ্ট্রমন্ত্রীকে জানান, কপ-৩১ সম্মেলনে অংশ নেওয়ার জন্য আগামী নভেম্বরে প্রধানমন্ত্রী তারেক রহমান তুরস্ক সফর করবেন।

LENS ASIA